



# জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর  
গাজীপুর।

স্মারক নংঃ (০-৫) জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/সিএসই/২০১৮/৫৩/ ২৪২২৭

তারিখঃ ০২ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ  
১৭ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

২০১৯ সালের বি.এসসি অনার্স ইন-কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE) চতুর্থ বর্ষ, ৮ম সেমিস্টার  
পরীক্ষার সময়সূচীঃ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৯ সালের বি.এসসি অনার্স ইন-কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE) চতুর্থ বর্ষ, ৮ম সেমিস্টার পরীক্ষা নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে। এ সময়সূচী অনিবার্য কারণে পরিবর্তন করার অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

পরীক্ষা কোড	: ৫৬১৮
পরীক্ষা আরম্ভের সময়	: দুপুর ০২:০০ টা
পরীক্ষার সময়কাল	: ০৩-০০ ঘন্টা

তারিখ	বার	বিষয় কোড	বিষয়ের শিরোনাম
১৭/০১/২০২১	রবিবার	CSE-421	web Engineering
১৯/০১/২০২১	মঙ্গলবার	CSE-423	Computer and network Security
২১/০১/২০২১	বৃহস্পতিবার	CSE-424	Image Processing
		CSE-425	VLSI Design
		CSE-426	Simulation and Modeling
		CSE-427	E- Commerce

বিঃদ্রঃ-পরীক্ষা সংক্রান্ত সকল কাজে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত (কপি সংযুক্ত) স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

- পরীক্ষা শুরু ৪/৫ দিন পূর্বে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে ([www.nu.acbd.info/admit](http://www.nu.acbd.info/admit)) রোল বিবরণী ও ডিজিটাল স্বাক্ষরযুক্ত প্রবেশপত্র পাওয়া যাবে। প্রবেশপত্র মুদ্রণ করে নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর পাসপোর্ট সাইজের ছবি লাগিয়ে ছবির উপর অধ্যক্ষের স্বাক্ষর ও সীল দিয়ে প্রবেশপত্র বিতরণ করতে হবে।
- প্রবেশপত্রে কোন প্রকার ত্রুটি থাকলে পরীক্ষা আরম্ভের তারিখের ২/৩ দিন পূর্বে অবশ্যই সংশোধন করে নিতে হবে।
- প্রবেশপত্র ছাড়া কোনভাবেই পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।
- পরীক্ষার্থী প্রতি কেন্দ্র ফি ৫০০/- (পাঁচশত) টাকার মধ্যে ৭৫% টাকা অর্থাৎ ৩৭৫/- টাকা হারে পরীক্ষা আরম্ভ হওয়ার ২/৩ দিন পূর্বে রোল বিবরণীর প্রিন্টসহ (এক কপি) কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার কাছে হস্তান্তর করার জন্য অধ্যক্ষ মহোদয়কে অনুরোধ করা হল।
- ব্যবহারিক পরীক্ষা তত্ত্বীয় পরীক্ষার পর অনুষ্ঠিত হবে। পরীক্ষার তারিখ ও সময়সূচী পরীক্ষার্থীগণকে নিজ নিজ প্রতিষ্ঠান থেকে পরবর্তীতে জেনে নিতে হবে।

  
(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর


ফোনঃ ৯২৯১০১৭, ফ্যাক্সঃ ০২-৯২৯১০৪৪

স্মারক নংঃ (০-৫) জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/সিএসই/২০১৮/৫৩/ ২৪১২৭

তারিখঃ ০২ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ  
১৭ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'লঃ

- ১। ডিন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ৩। পরিচালক, তথ্য প্রযুক্তি ও (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। জেলা প্রশাসক/ট্রেজারী অফিসার,.....
- ৫। অধ্যক্ষ/পরিচালক/ভারপ্রাপ্ত কর্মকর্তা.....
- ৬। অফিস কপি।

  
(মোহাম্মদ রফিকুল ইসলাম)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (প্রফেশনাল)

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোনঃ ৯২৯১০৬৩



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ  
সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয়  
www.shed.gov.bd

নং ৩৭.০০.০০০০.০৭৯.৯৯.০৮২.০১.২৪৫


তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ  
১০ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়: জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর পরীক্ষা গ্রহণ প্রসঙ্গ।

সূত্র: স্মারক নং- (০৫) জাতীয়বিঃ/পনি/অফিস আদেশ/২০১২/০৩/২৩৫, তারিখ: ০৩.১২.২০২০ খ্রিষ্টাব্দ,  
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ ভাইরাস প্রাদুর্ভাবের ফলে সরকারি নির্দেশনা ও যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক নিম্নোক্ত নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক পরীক্ষা গ্রহণের বিষয়ে অনাপত্তি প্রদান করা হলো:

- (ক) মন্ত্রিপরিষদ বিভাগ ও স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত স্বাস্থ্য বিধি অনুসরণ করতে হবে;
- (খ) প্রতিদিন পরীক্ষা শুরু করার পূর্বে অবশ্যই প্রতিটি পরীক্ষা কক্ষ/টয়লেট/আঞ্জিনা/রাস্তাঘাট জীবাণুমুক্ত করতে হবে;
- (গ) প্রবেশপথে প্রত্যেক পরীক্ষার্থীকে থার্মাল স্ক্যানার/থার্মোমিটার দিয়ে শরীরে তাপমাত্রা পরীক্ষা করাতে হবে;
- (ঘ) পরীক্ষা কক্ষে ন্যূনতম তিন ফুট শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে এবং সকলকে মাস্ক (সার্জিক্যাল মাস্ক অথবা তিন পরত (স্তর) বিশিষ্ট কাপড়ের মাস্ক, যা নাক ও মুখ ভালোভাবে ঢেকে রাখবে) ব্যবহার করতে হবে;
- (ঙ) পরীক্ষা কক্ষের বাইরে হাত ধোয়ার ব্যবস্থা অথবা কক্ষের ভিতরে হ্যান্ড স্যানিটাইজার সংরক্ষণ করতে হবে।

  
(নৈলিমা আফরোজ)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৭২১৮৫

উপাচার্য  
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. অফিস কপি।

৬৬৬  
১৬/১২/২০